গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(আইসিটি শাখা)
www.sylhet.gov.bd

## আইসিটি বিষয়ক কমিটির নভেম্বর ২০১৬ মাসের সভার কার্যবিবরণী

সভার তারিখ : ২৭ নভেম্বর, ২০১৬
সময় : বিকাল ০৩.৩০ মিনিট
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, সিলেট।
সভাপতি : মোঃ জয়নাল আবেদীন, জেলা প্রশাসক, সিলেট

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা: পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর জেলা আইসিটি কমিটির সভার নিম্নবর্ণিত আলোচ্যসূচির উপর বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্তসমুহ সর্বসম্মতিতে গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ই-ফাইলিং (নথি) বাস্তবায়ন | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জানান, এ কার্যালয়ের মোট ১০১ জন ব্যবহারকারী ই-ফাইল (নথি)-তে নিয়মিত কার্যক্রম সম্পাদন করছেন। ফ্রন্টডেস্ক থেকে অদ্যাবধি ৪,৭৯১টি ডাক গ্রহণ করা হয়েছে যার মধ্যে ২,৫১৪ টি ডাক ই-ফাইল ব্যবহারকারীগণ নথিজাত ও পত্রজারীর মাধ্যমে নিষ্পত্তি করেছেন। সিস্টেমের ড্যাসবোর্ড পর্যালোচনায় দেখা যায়, বেশীরভাগ ডাক নথিজাত করা হচ্ছে। ফলে ই-ফাইল কার্যক্রম ব্যাহত হচ্ছে। | ১. ই-ফাইল ব্যবহারকারীগণ 'নথি' এর মাধ্যমে আগত ডাকসমূহ সরাসরি নথিজাত না করে নথিতে উপস্থাপন করতে হবে এবং সে অনুযায়ী নোট ও খসড়া পত্র উপস্থাপন করতে হবে। | সকল ই-ফাইল ব্যবহারকারীগণ |
| ২. | জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পোর্টাল হালনাগাদকরণ | সভায় সহকারী কমিশনার (আইসিটি) জানান, ন্যাশনাল পোর্টাল টিম হতে প্রাপ্ত অক্টোবর/২০১৬ মাসের প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, সিলেট জেলা পোর্টালের অসম্পূর্ণতার হার- ৪.৭১% এবং উপজেলা পোর্টালসমূহের গড় অসম্পূর্ণতার হার ৮.৫০%। তিনি আরোও জানান, ন্যাশনাল পোর্টাল টিম হতে প্রাপ্ত প্রতিবেদনটি সংশ্লিষ্ট সকলকে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। | ১। সকল পোর্টালের দপ্তর নিজ নিজ দপ্তরের ওয়েব পোর্টালে বদলী/ পদায়নকৃত কর্মকর্তা/কর্মচারীদের বিস্তারিত প্রোফাইল, নোটিশ, খবর, প্রকল্পসমূহের তথ্যসহ অন্যান্য তথ্য জরুরী ভিত্তিতে আপলোড/ হালনাগাদ করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট, সহকারী কমিশনার (আইসিটি) এবং সহকারী প্রোগ্রামার, সিলেট। |
| ৩. | ইউডিসি সংক্রান্ত | সহকারী কমিশনার (আইসিটি) জানান, অনলাইন মনিটরিং টুলে ইউডিসি উদ্যোক্তাদের অক্টোবর/২০১৬ আয়ের তথ্য পর্যবেক্ষন করে দেখা যায়, ৩টি ইউডিসি (ইছালকলস, তেলিখাল এবং সাতবাক) ব্যতিত অন্যান্য ইউডিসিসমূহ নিয়মিত আয়ের তথ্য আপলোড করছেন। সিলেট জেলার ইউডিসিসমূহের সমন্বিত আয় ১৩,৪৯,৫৯৭/- টাকা এবং মোট সেবা গ্রহিতার সংখ্যা- ১৫,৮০৭ জন। | ১। অনলাইন মনিটরিং টুলে প্রতিটি ইউডিসি'র কর্তৃক প্রকৃত আয়ের তথ্য আপলোডের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | মাল্টিমিডিয়া ক্লাসরুম | সহকারী কমিশনার, শিক্ষা ও কল্যাণ শাখা জানান, সিলেট জেলায় মোট ৪৩২টি মাল্টিমিডিয়া ক্লাসরুমের মধ্যে বেশীরভাগ মাল্টিমিডিয়া ক্লাসরুম সক্রিয় আছে। অক্টোবর/১৬ মাসের ড্যাসবোর্ড অনুযায়ী প্রতিষ্ঠান কর্তৃক আপলোডকৃত প্রতিবেদন দাখিলের গড় হার ৯২.৭৫%। | ১। সিলেট জেলায় মাল্টিমিডিয়া ক্লাসরুম ম্যানেজমেন্ট সিস্টেমে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পাঠদান সংক্রান্ত প্রতিবেদন আপলোড শতভাগ নিশ্চিত করতে হবে।<br>২। উপজেলা পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রতিবেদনের বিষয়টি উপজেলা নির্বাহী অফিসারগণ তদারকি করবেন এবং সহকারী প্রোগ্রামারগণ প্রয়োজনীয় কারিগরী সহায়তা প্রদান করবেন। | জেলা শিক্ষা অফিসার ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি/প্রধান শিক্ষক।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট এবং সহকারী প্রোগ্রামার (সকল), সিলেট। |
| ৫. | বিবিধ: সদস্য কো-অপট | সদস্য সচিব জানান, সিলেট জেলাধীন সিলেট সদর, বিয়ানীবাজার, ফেঞ্চুগঞ্জ এবং গোয়াইনঘাট উপজেলার উপজেলা আইসিটি অধিদপ্তরে সহকারী প্রোগ্রামার পদায়ন করা হয়েছে এবং অন্যান্য উপজেলায় তাঁদেরকে সংশ্লিষ্ট অধিদপ্তর কর্তৃক অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। বিধায় জেলা আইসিটি কমিটিতে সহকারী প্রোগ্রামারগণকে সদস্য হিসেবে কো-অপট করা যেতে পারে। উপস্থিত সকল সদস্যগণ কো-অপট করার বিষয়ে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে সিলেট জেলাধীন উপজেলা পর্যায়ের আইসিটি অধিদপ্তরে দায়িত্বপ্রাপ্ত সহকারী প্রোগ্রামারগণকে সদস্য হিসেবে কো-অপট করা হলো। | অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সিলেট। |

পরিশেষে আইসিটি বিষয়ক সরকারি সিদ্ধান্ত বাস্তবায়নে সকলকে আরো তৎপর হওয়ার আহবান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ জয়নাল আবেদীন)
জেলা প্রশাসক
সিলেট ও
আহ্বায়ক
জেলা আইসিটি কমিটি
সিলেট।
ফোন- ০৮২১-৭১৬১০০
ই-মেইল- dcsylhet@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৯১০০.০২৪.০৬.০০১.১১.৬৬৯

তারিখ : ২৩ অগ্রহায়ণ ১৪২৩ / ০৭ ডিসেম্বর ২০১৬

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়, আগারগাঁও, ঢাকা।
২. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
৫. কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, বিসিসি ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
৬. পুলিশ সুপার/প্রধান কর্মাধ্যক্ষ, বিটিসিএল/ডেপুটি পোষ্ট মাষ্টার জেনারেল/জেলা শিক্ষা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট।
৭. অধ্যক্ষ, এমসি কলেজ/সরকারী মহিলা কলেজ/সিলেট সরকারী কলেজ/টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, সিলেট।
৮. উপজেলা নির্বাহী অফিসার ........................................................ (সকল), সিলেট।
৯. সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার, ........................... শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১০. জেলা ........................................................ কর্মকর্তা (সকল), সিলেট।
১১. প্রোগ্রামার ও সেন্টার ইন-চার্জ, বিসিসি, সিলেট আঞ্চলিক কার্যালয়, সিলেট।
১২. প্রধান শিক্ষক, সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়, সিলেট।
১৩. সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ........................... উপজেলা কার্যালয়, সিলেট।

(সৈয়দ মোহাম্মদ আমিনুর রহমান)
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
ও সদস্য সচিব, জেলা আইসিটি কমিটি, সিলেট।